গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
সংসদ ও সমন্বয় শাখা

২০১৯-২০ অর্থবছরে সিটিজেন'স চার্টার বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ১ম সভা

সভাপতি	:	মোঃ নাজীবুল ইসলাম অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার তারিখ ও সময়	:	২৯-১২-২০১৯; বেলা ১১.০০ ঘটিকা
সভার স্থান	:	সভাপতির অফিস কক্ষ (৬ষ্ঠ তলা)
উপস্থিতি	:	পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতে সভাপতির অনুমতিক্রমে এ মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল ২০১৯-২০ এর আওতায় সিটিজেন'স চার্টার বাস্তবায়নের অংশ হিসেবে সিটিজেন'স চার্টার বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ২০১৯-২০ অর্থবছরের ১ম সভার আলোচ্যসূচি কমিটির সদস্য সচিব উপস্থাপন করেন। অতঃপর বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচ্যসূচি	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১। সিটিজেন'স চার্টার হালনাগাদকরণ	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সিটিজেন'স চার্টার হালনাগাদকরণ ও বাস্তবায়নের নিমিত্তে এ মন্ত্রণালয়ের ৩১-১০-২০১৯ তারিখের ১৯৩ নং স্মারকে কমিটি গঠন করা হয়েছে। যার ১ম সভা ২৯-১২-২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডকৃত বিদ্যমান সিটিজেন'স চার্টার এর দপ্তর ও সংস্থা শাখার বর্তমান শাখা কর্মকর্তার পদবি হালনাগাদ করা প্রয়োজন মর্মে আলোচনা হয়। এছাড়া, সেবা শাখার কার্যক্রম সিটিজেন'স চার্টারে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। সিটিজেন'স চার্টার হালনাগাদকরণের ক্ষেত্রে মন্ত্রণালয়ের বিভিন্ন শাখা/অধিশাখা/অনুবিভাগ প্রদত্ত সুপারিশ / মন্তব্যও বিবেচনা কবার বিষয়টিও আলোচনা হয়।	ক) মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডকৃত বিদ্যমান সিটিজেন'স চার্টার এর দপ্তর ও সংস্থা শাখার বর্তমান শাখা কর্মকর্তার পদবি, মন্ত্রণালয়ের বিভিন্ন শাখা/ অধিশাখা/ অনুবিভাগ প্রদত্ত সুপারিশ/ মন্তব্য অনুসারে হালনাগাদ ও সেবা শাখার কার্যক্রম সিটিজেন'স চার্টারে অন্তর্ভুক্ত করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ শাখা সিটিজেন'স চার্টার/এপিএ-এনআইএস

আলোচ্যসূচি	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	যেহেতু, এপিএ/এনআইএস এর কার্যক্রম মন্ত্রণালয়ের বাজেট শাখা হতে সম্পাদন করা হয় সেহেতু, কমিটির সভার কার্যবিবরণী ও পরিবীক্ষণ প্রতিবেদন বাজেট শাখায় প্রেরণের বিষয়েও আলোচনা হয়।	খ) সিটিজেন'স চার্টার হালনাগাদকরণ ও বাস্তবায়নের নিমিত্তে গঠিত কমিটির সভার কার্যবিবরণী ও পরিবীক্ষণ সংক্রান্ত প্রতিবেদন প্রমাণক হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য এপিএ/এনআইএস সংক্রান্ত শাখা (বাজেট শাখা) তে প্রেরণ করতে হবে।	
২) রিসোর্স পার্সন কর্তৃক সিটিজেন্স চার্টার বাস্তবায়নে প্রশিক্ষণ	এপিএ/এনআইএস এর কর্মসম্পাদন সূচকের আওতায় সিটিজেন্স চার্টার বাস্তবায়ন ও পূর্ণ নম্বর পেতে এ বিষয়ে রিসোর্স পারসন কর্তৃক কমিটির সদস্যদের প্রশিক্ষণের জন্য মন্ত্রণালয়ের বাজেট শাখাকে অনুরোধ জানানোর বিষয়ে আলোচনা হয়।	রিসোর্স পার্সন কর্তৃক সিটিজেন্স চার্টার বাস্তবায়নে প্রশিক্ষণ প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বাজেট শাখা

পরিশেষে, সভাপতি সকলকে সিটিজেন'স চার্টার বাস্তবায়নের জন্য সকলকে আন্তরিকভাবে কাজ করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ নাজীবুল ইসলাম
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
ও
আহবায়ক
সিটিজেন'স চার্টার প্রণয়ন, পরিবীক্ষণ ও
হালনাগাদকরণ কমিটি